যুগান্তর

22 MAY 2017
2 2

# ভিকারুননিসার ক্ষেত্রে ভর্তি নীতিমালা কার্যকর

**যুগান্তর রিপোর্ট**

জিপিএ'র ভিত্তিতে এইচএসসিতে ভর্তির জন্য করা 'ভর্তি নীতিমালা-২০১৭'র কার্যকারিতা ফিরে পেয়েছে রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ। কলেজটির ক্ষেত্রে সরকারের করা এই নীতিমালার কার্যকারিতা স্থগিত করে হাইকোর্টের আদেশ স্থগিত করা হয়েছে। সরকারপক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে আপিল বিভাগের চেম্বার বিচারপতি মির্জা হুসেইন হায়দার রোববার এই স্থগিতাদেশ জারি করেন।

অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম জানিয়েছেন, ভিকারুননিসার ক্ষেত্রে ভর্তি নীতিমালার কার্যকারিতা ছয় সপ্তাহের জন্য স্থগিত করা হয়েছে। এর ফলে এখন কলেজটির ক্ষেত্রে ভর্তি নীতিমালা কার্যকর। এর আগে এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে ১৬ মে হাইকোর্ট ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের ক্ষেত্রে ভর্তি নীতিমালা-২০১৭'র কার্যকারিতা স্থগিত করেন। পাশাপাশি ভর্তি নীতিমালা-২০১৭ কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেন। এ আদেশের বিরুদ্ধে সরকার আপিল বিভাগে আবেদন জানালে শুধু ভিকারুননিসার ক্ষেত্রে জারি করা আদেশের কার্যকারিতা স্থগিত করা হয়েছে বলে জানিয়েছেন আইনজীবীরা। রিটকারীর পক্ষে আইনজীবী ইউনুস আলী আকন্দ শুনানি করেন।